

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ পরিচালকের কার্যালয়
মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ
মৎস্য অধিদপ্তর, খুলনা।
fiqckhulna.fisheries.gov.bd



স্মারক নং- ৩৩.০২.০০০০.৩১৩.২৫.২৮৬.০৭.৮৯০

তারিখ: ১৬ কার্তিক, ১৪৩০
০১ নভেম্বর, ২০২৩


অফিস স্মারক

এই মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে যে, মৎস্য ও মৎস্য পণ্য (পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ) বিধিমালা ১৯৯৭ (সংশোধিত-২০০৮) এর বিধি ১৪(৪) মোতাবেক লাইসেন্সের মেয়াদ ০১ (এক) বৎসর এবং মেয়াদ শেষ হওয়ার ০১ (এক) মাস পূর্বে পুনরায় লাইসেন্স নবায়নের জন্য আবেদন করার নির্দেশনা রয়েছে। সেহেতু, অত্র দপ্তরাধীন সকল (১) মৎস্য প্রক্রিয়াজাতকরণ কারখানা, (২) ডিপো, (৩) আড়ত, (৪) বরফ কল, (৫) মৎস্য অবতরণ কেন্দ্র, (৬) প্যাকিং সেন্টার, (৭) সরবরাহকারী, (৮) কাঁকড়া রপ্তানীকারক, (৯) বায়িং এজেন্ট, (১০) চিংড়ি খোসা রপ্তানীকারক, (১১) পিটুইটারী গ্লাভ, (১২) হিমাগার, (১৩) চিল্ড ফিস রপ্তানীকারক (১৪) নন-প্যাকার (১৫) আমদানীকারক নিবন্ধনকারী ইত্যাদির লাইসেন্স ২০২৪ সালে নবায়নের জন্য আগামী ৩০ নভেম্বর/২০২৩ খ্রি. তারিখের মধ্যে আবেদন করতে হবে (ক্রমিক নং-১ হতে ৮ পর্যন্ত পানি পরীক্ষার, কর্মীদের স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট ও হালনাগাদ ট্রেড লাইসেন্স বাধ্যতামূলক জমা দিতে হবে)। উল্লেখ্য যে, আবেদনের সহিত আবেদন, নবায়ন/ইস্যু ফি ও ১৫% ভ্যাট এর ট্রেজারী চালান সংযুক্ত করবেন। জমাকৃত চালানে কোন ধরণের লাইসেন্স (ইস্যু বা নবায়ন) করবেন তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

এমতাবস্থায়, উক্ত লাইসেন্স সমূহ ২০২৪ সালে নবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

আবেদন/নবায়ন/বিলম্ব/লাইসেন্স ইস্যু ফি এর জন্য অর্থনৈতিক কোড নম্বর: ১-৪৪৩১-০০০০-১৮৫৪।
জমাকৃত ফি (সকল প্রকার) এর উপর ১৫% ভ্যাটের অর্থনৈতিক কোড নম্বর: ১-১১৩৩-০০০১-০৩১১।

বিষয়টি অতীব জরুরী।


(মোঃ আবু ছাইদ)
উপপরিচালক


মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ
মৎস্য অধিদপ্তর, খুলনা।

স্মারক নং- ৩৩.০২.০০০০.৩১৩.২৫.২৮৬.০৭.৮৯০/১(২০০)

তারিখ: ১৬ কার্তিক, ১৪৩০
০১ নভেম্বর, ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ৩। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ৪। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা/বরিশাল বিভাগ, বরিশাল/রাজশাহী বিভাগ, রাজশাহী/রংপুর বিভাগ, রংপুর।
- ৫। জেলা মৎস্য কর্মকর্তা, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/যশোর/নড়াইল/মাগুড়া/পটুয়াখালী/পিরোজপুর। সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ৬। ব্যবস্থাপক, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, ৫নং স্কীডঘাট, খুলনা/বান্দরোড, বরিশাল/ পাথরঘাটা, বরিশাল।
- ৭। ভাইস প্রেসিডেন্ট, বাংলাদেশ ফ্রোজেন ফুডস এক্সপোর্টার্স এ্যাসোসিয়েশন, ২০, লোয়ার যশোর রোড, শিম্প টাওয়ার, খুলনা।
- ৮। সী ফুড এক্সপোর্ট বায়িং এজেন্ট এ্যাসোসিয়েশন, ৬০, বাবু খান রোড, খুলনা।
- ৯। সভাপতি/সম্পাদক, খুলনা চিংড়ি বণিক সমিতি, নতুন বাজার, খুলনা।
- ১০। ব্যবস্থাপনা পরিচালক (সকল)/মালিক (ডিপো, আড়ৎ, বরফকল),
- ১১। সংশ্লিষ্ট নথি।


০১-১১-২০২৩
(মোঃ আবু ছাইদ)
উপপরিচালক

মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ
মৎস্য অধিদপ্তর, খুলনা।